দৈনিক ইত্তেফাক

তারিখ ............ পৃষ্ঠা ১৬ কলাম ৭

NOV 28 2002

# ভুয়া ও নিম্নমানের ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে

শিক্ষা মন্ত্রণালয় প্রায় ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে মানের দিক থেকে খারাপ অথবা অন্যান্য কারণে চিহ্নিত করেছে বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ শহিদুল আলম বিবিসিকে বলেছেন যে, চিহ্নিত ঐসব স্কুল, কলেজ ও মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এমনকি, অনেক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হতে পারে। দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে কোনটির শিক্ষার গুণগতমান ভালো আর কোনটিতে খারাপ তা চিহ্নিত করার ব্যাপারে সরকার সিদ্ধান্ত নিয়েছিল গত নভেম্বর মাসে। সেই সিদ্ধান্তের প্রেক্ষিতে সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ওপর জরিপ চালিয়ে একেবারে নিম্নমানের ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে চিহ্নিত করা হয়েছে।

এব্যাপারে শিক্ষা সচিব শহিদুল আলম বলেন, ভুয়া ও নিম্নমানের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে প্রথমে কারণ দর্শাতে বলা হবে। তারপর সেগুলোর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রকৃত ছাত্র-ছাত্রী আছে মাত্র ৫০ জন, কিন্তু তারা দেখাচ্ছে দুই শ আড়াইশ। এসব শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে। এসব

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## ভুয়া ও নিম্নমানের

(শেষ পৃষ্ঠার পর)

শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হলে বছরে সরকারের প্রায় এক হাজার সাড়ে আটশ কোটি টাকা বেঁচে যাবে। শিক্ষা সচিব আরো জানাচ্ছেন যে, এব্যাপারে তাদের সুপারিশ ও জরিপ প্রতিবেদন আগামী একমাসের মধ্যে সরকারের কাছে পেশ করা হবে। তারপরই মন্ত্রিসভার বৈঠকে প্রতিবেদন পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি উল্লেখ করেন।